যায়যায়দিন

তারিখ ... SEP 02 2006 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৫ ......

## সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ

# ৫২ ছাত্রীর উপবৃত্তির টাক ব্যাংকে পড়ে আছে

সুনামগঞ্জ প্রতিনিধি

সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজের ৫২ ছাত্রীকে এ বছর উপবৃত্তির টাকা দেয়া হয়নি। উপবৃত্তি প্রাপ্তির সব শর্ত পূরণ করে কলেজের মাধ্যমে স্থানীয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিস বরাবর পাঠানোর পরও ৫২ ছাত্রী উপবৃত্তির টাকা পায়নি। অথচ এর আগের বছর তারা উপবৃত্তির টাকা পেয়েছে। এ বছর সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজের মাত্র ১৪ ছাত্রী উপবৃত্তির টাকা পেয়েছে। অধিকাংশ ছাত্রী টাকা না পাওয়ার পেছনে স্থানীয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিসের হাত আছে বলে মনে করছে। যে ৫২ ছাত্রী টাকা পায়নি তাদের নামে বরাদ্দের প্রায় ৭২ হাজার টাকা স্থানীয় জনতা ব্যাংকে জমা রয়েছে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

জেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অফিস জানায়, ছাত্রীরা উপবৃত্তি প্রাপ্তির তিনটি শর্ত যথাযথভাবে পূরণ না করে দেয়ায় তাদের টাকা আটকে আছে। এ টাকার ভবিষ্যৎ কি তা বলতে পারছে না কেউ। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এসএম জিন্নাহ জানান, ছাত্রীরা উপবৃত্তির তিনটি শর্ত পূর্ণাঙ্গরূপে পূরণ করে না দেয়ায় এ বছর তারা টাকা পায়নি।

সুনামগঞ্জ সরকারি মহিলা কলেে
প্রিন্সিপাল মামুনুর রশীদ জানান, ছাত্রী
সব শর্ত পূরণ করে উপবৃত্তির ভ
আবেদন জানিয়েছে। প্রথম ব
থাকাকালীন একই নিয়মে কাগজ প
করে তারা এই টাকা পেয়েছে। এ ব
টাকা না পাওয়ার বিষয়টিকে রহস্যজ
বলে মনে করছেন তিনি। কলে
দ্বিতীয় বর্ষের ছাত্রী উষা জানায়, তারা
বছরও একই নিয়মে শর্ত পূরণ ক
উপবৃত্তির টাকা পেয়েছে।